রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, নভেম্বর ২০, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ কার্তিক ১৪২৫/১৩ নভেম্বর ২০১৮

**নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০১৫.১৭-৮৬**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন), এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৫, এবং ১১৪ এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নভেম্বর ২০১৮ হইতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :

**প্রতিষ্ঠানসমূহ :**

| ক্রমিক নং | চিনিকলের নাম | জেলা |
|---|---|---|
| (১) | পঞ্চগড় চিনিকল লিমিটেড | পঞ্চগড় |
| (২) | ঠাকুরগাঁও চিনিকল লিমিটেড | ঠাকুরগাঁও |
| (৩) | সেতাবগঞ্জ চিনিকল লিমিটেড | দিনাজপুর |
| (৪) | শ্যামপুর চিনিকল লিমিটেড | রংপুর |
| (৫) | রংপুর চিনিকল লিমিটেড | গাইবান্ধা |
| (৬) | জয়পুরহাট চিনিকল লিমিটেড | জয়পুরহাট |
| (৭) | নাটোর চিনিকল লিমিটেড | নাটোর |


**মূল্য :** টাকা ৪.০০

| ক্রমিক নং | চিনিকলের নাম | জেলা |
|---|---|---|
| (৮) | নর্থবেঙ্গাল চিনিকল লিমিটেড | নাটোর |
| (৯) | রাজশাহী চিনিকল লিমিটেড | রাজশাহী |
| (১০) | পাবনা চিনিকল লিমিটেড | পাবনা |
| (১১) | কুষ্টিয়া চিনিকল লিমিটেড | কুষ্টিয়া |
| (১২) | মোবারকগঞ্জ চিনিকল লিমিটেড | ঝিনাইদহ |
| (১৩) | কেরু এন্ড কোম্পানী (বিডি) লিমিটেড | চুয়াডাঙ্গা |
| (১৪) | ফরিদপুর চিনিকল লিমিটেড | ফরিদপুর |
| (১৫) | জিলবাংলা চিনিকল লিমিটেড | জামালপুর |

**শর্তাবলি :**

(১) কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০ (ষাট) ঘন্টার বেশী কাজ করানো যাইবে না;

(২) অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে;

(৩) প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

(৪) কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

(৫) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**হামিদা চৌধুরী**
যুগ্মসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd